# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

## আরবী

وَعَنِ ابْنِ
مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يُبَلِّغُنِي أَحَدٌ مِنْ أَصْحَابِي عَنْ أَحَدٍ شَيْئًا فَإِنِّي أُحِبُّ أَنْ أَخْرُجَ إِلَيْكُمْ وَأَنَا سَلِيمُ الصَّدْرِ» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪৮৫২-[৪১] ’আবদুল্লাহ ইবনু মাস্‌’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার সাথীদের মধ্যে কেউ আমাকে কোন ব্যক্তির ব্যাপারে কোন খারাপ কথা শুনাবে না। কেননা আমি এটা ভালোবাসি যে, যখন আমি তোমাদের কাছে আসি, তখন আমার বক্ষ পরিষ্কার থাকুক। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৪৮৬০, মিরমিযী ৩৮৯৬, য‘ঈফুল জামি‘উস্ সগীর ৬৩২২, রিয়াযুস্ সলিহীন ১৫৪৭, বাযযার ২০৩৮, আহমাদ ৩৭৫৯, আবূ ইয়া‘লা ৫৩৮৮, আস্ সুনানুল কুবরা লিল বায়াহাক্বী ১৭১১৯।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে যায়দ ইবনু যায়িদ (زيد بن زائد) নামের একজন বর্ণনাকারী আছে, সে মাজহূল। দেখুন- হিদায়াতুর্ রুওয়াত ইলা তাখরীজি আহাদীসিল মসাবীহি ওয়াল মিশকাত ৪/৩৮৬ পৃঃ।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَا يُبَلِّغُنِي أَحَدٌ مِنْ أَصْحَابِي عَنْ أَحَدٍ شَيْئًا) আমার সঙ্গীদের মধ্য থেকে কেউ যেন অন্যের সম্পর্কে আমার কাছে এমন কিছু না পৌঁছায় যাতে আমি তা অপছন্দ করি এবং তার প্রতি রাগান্বিত হই। এটা কথা ও কাজ উভয় ক্ষেত্রে প্রযোজ্য। যেমন- কেউ কাউকে গালি দিল, তাকে কষ্ট দিল অথবা তার ব্যাপারে মন্দ কথা বল।

(فَإِنِّي أُحِبُّ أَنْ أَخْرُجَ إِلَيْكُمْ وَأَنَا سَلِيمُ الصَّدْرِ) কেননা আমি চাই বাড়ি থেকে বের হয়ে তোমাদের সাথে সাক্ষাৎ

করব। এমতাবস্থায় যে, আমার অন্তর তোমাদের কারো দোষ-ত্রুটি থেকে সম্পূর্ণ মুক্ত। ইবনু মালিক বলেনঃ হাদীসটির মূলকথা হলো- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কামনা করতেন যে, তিনি দুনিয়া থেকে বিদায় নিবেন আর তার অন্তর সাহাবীদের কারো প্রতি সকল প্রকার অসন্তুষ্টি থেকে মুক্ত থাকবে। আর এটা হবে উম্মাতের জন্য একটি শিক্ষা অথবা মানবতার দাবী। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75576

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন